

জনাই ট্রেনিং হাইস্কুল

২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিষয়ক বিজ্ঞপ্তি

- ১) ভর্তির আবেদন পত্র সংগ্রহ করার তারিখ ২৭/০৫/২০১৭, ২৯/০৫/২০১৭, ৩০/০৫/২০১৭ এবং ৩১/০৫/২০১৭। ভর্তির আবেদন পত্র সংগ্রহ করার সময় মূল মার্কশিট দেখাতে হবে।
- ২) যথাযথভাবে পূরণ করা আবেদন পত্র জমা করার তারিখ ২৯/০৫/২০১৭, ৩০/০৫/২০১৭, ৩১/০৫/২০১৭, ০১/০৬/২০১৭ বিকাল দুই ঘটিকা পর্যন্ত।
- ৩) বিজ্ঞান বিভাগে ভর্তির আবেদন পত্র সংগ্রহ করার জন্য মোট নম্বর এবং বিজ্ঞান বিভাগে প্রাপ্ত নম্বর (উভয়ক্ষেত্রেই) ন্যূনতম ৬০% হওয়া আবশ্যিক।
- ৪) মোট নম্বর এবং বিজ্ঞান বিভাগে (উভয়ক্ষেত্রেই) ন্যূনতম ৭৫% প্রাপ্ত ছাত্র/ছাত্রী বিজ্ঞান বিভাগে এবং ন্যূনতম ৬০% নম্বর প্রাপ্ত ছাত্র/ছাত্রী কলা বা বাণিজ্য বিভাগে সরাসরি ভর্তির সুযোগ লাভ করবে। সরাসরি ভর্তির তারিখ : ২৯/০৫/২০১৭ থেকে ৩১/০৫/২০১৭ বেলা ১১:৩০ থেকে বিকাল ২:৩০টা পর্যন্ত।
- ৫) কেবলমাত্র জনাই ট্রেনিং হাইস্কুলের ছাত্রদের কলা ও বাণিজ্য বিভাগে সরাসরি ভর্তি করা হবে। ভর্তির তারিখ ৩১/০৫ ও ০১/০৬/২০১৭ বেলা ১১:৩০ থেকে বিকাল ২:৩০টা পর্যন্ত। বাণিজ্য বিভাগে ভর্তির জন্য মাধ্যমিক গণিতে ন্যূনতম ৩৫% নম্বর থাকতে হবে।
- ৬) প্রাপ্ত নম্বরের ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের নামের তালিকা প্রকাশের তারিখ ০২/০৬/২০১৭ বিকাল ৪:০০টা।

- ৭) যে সকল ছাত্র/ছাত্রী সরাসরি ভর্তির সুযোগ পাওয়া সত্ত্বেও সুযোগ গ্রহণ করবে না তাদের নাম প্রকাশিত তালিকায় বিবেচিত হবে না।
- ৮) একাধিক বিভাগে আবেদন করার জন্য পৃথক পৃথক আবেদন পত্র পূরণ করতে হবে। একই আবেদন পত্রে একাধিক বিভাগের জন্য আবেদন করলে অথবা যথাযথভাবে পূরণ না করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।
- ৯) ইতিহাস, গণিত ও কম্পিউটার অ্যাপ্লিকেশন - এই তিনটি বিষয়ের মধ্যে যে কোন একটি এবং অর্থনীতি ও সংস্কৃত - এই দুটি বিষয়ের মধ্যে যে কোন একটি নির্বাচন করা যাবে (যাদের ক্ষেত্রে প্রযোজ্য)।
- ১০) আবেদন পত্রের সঙ্গে মাধ্যমিক অ্যাডমিট ও মার্কশীটের জেরক্স ও অভিভাবকের ভোটারকার্ড অথবা ছাত্রছাত্রীর আধার কার্ডের জেরক্স কপি দিতে হবে। ভর্তির সময় মাধ্যমিক অ্যাডমিট ও মার্কশীটের মূল কপি দেখাতে হবে।
- ১১) ভর্তির সময় ভর্তির ফি ৯০০ টাকা এবং প্রত্যেক ব্যবহারিক বিষয়ের জন্য অতিরিক্ত ৭০ টাকা করে জমা দিতে হবে।
- ১২) ভর্তি ফর্মের মূল্য ৬০ টাকা।